অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ককে মার্কিন যুক্তরাষ্ট্রের সৌর বাজারের শীর্ষ কমিউনিটি ঘোষণা করলেন

এক গিগাওয়াটের বেশি ইনস্টল - যা স্টেটব্যাপী 200,000 এর বেশি বাড়িতে সেবাদানের জন্য পর্যাপ্ত

কমিউনিটি সোলার গ্রাহকদের জন্য সঞ্চয়ের নিশ্চয়তা দেয় এবং নবায়নযোগ্য শক্তি নিউ ইয়র্কের দীর্ঘমেয়াদি শক্তির ব্যয় স্থিতিশীল করে

2030 সালের মধ্যে স্টেটের বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে উৎপন্ন করার স্টেটের জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন লক্ষ্যকে, এবং 2030 সালের মধ্যে সৌর দ্বারা 10 গিগাওয়াট অর্জনের গভর্নরের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, নিউ ইয়র্ক এক গিগাওয়াটের বেশি ইনস্টল করা ও সক্রিয় কমিউনিটি সোলার নিয়ে, যা 209,000 এর বেশি বাড়িতে সেবাদানের জন্য পর্যাপ্ত, পুরো স্টেটে মার্কিন যুক্তরাষ্ট্রে কমিউনিটি সোলার বাজারের শীর্ষে রয়েছে। এছাড়াও নিউ ইয়র্কে দেশের সর্ববৃহৎ পাইপলাইন রয়েছে যেখানে 401,000 বাড়িতে সেবাদানের জন্য যথেষ্ট কমিউনিটি সোলার নির্মাণাধীন রয়েছে, যা আগামী বহু বছরের জন্য সকল নিউ ইয়র্কবাসীর পরিচ্ছন্ন ক্রয়ক্ষম সোলারের অব্যাহত উপলভ্যতা নিশ্চিত করবে। আজকের ঘোষণা 2030 সালের মধ্যে স্টেটের বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে উৎপন্ন করার জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act, CLCPA) (জলবায়ু আইন, Climate Act) লক্ষ্য এবং 2030 সালের মধ্যে সৌর দ্বারা 10 গিগাওয়াট অর্জনের গভর্নরের লক্ষ্য অর্জনের অগ্রগতিকে ত্বরান্বিত করে।

"এক গিগাওয়াটের বেশি কমিউনিটি সোলার ইনস্টল করার মাধ্যমে দেশের শীর্ষ এই মাইলফলকে পৌঁছানো নিউ ইয়র্কের আগ্রাসী পরিচ্ছন্ন শক্তি বিকল্প পাওয়ার চেষ্টার প্রমাণ যা আমাদের অর্থনীতিকে সুপারচার্জ করবে এবং আমাদেরকে একটি কার্বন নিরপেক্ষ ভবিষ্যতের আরো এক ধাপ নিকটে নিয়ে যাবে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক আরেকবার পরিচ্ছন্ন শক্তি ইতিহাস তৈরি করছে, এবং যখন অনেক পরিবার বর্ধিত শক্তি মূল্যের বোঝার সম্মুখীন হচ্ছে তখন আমার প্রশাসন সৌর শক্তির উপলভ্যতা সম্প্রসারণ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ আছে, যা

সঞ্চয় নিয়ে আসবে এবং আমাদের আগ্রাসী জলবায়ু লক্ষ্য অর্জনের সাথে সাথে বিদ্যুৎ বিল স্থিতিশীল করবে।"

"আজকে এক গিগাওয়াটের বেশি অগ্রগতি করা হয়েছে, যা নিউ ইয়র্ক স্টেটজুড়ে 200,000 এর বেশি বাড়ির জন্য পর্যাপ্ত বিদ্যুৎ," **লেফটেন্যান্ট গভর্নর বেঞ্জামিন বলেন।** "যখন আমরা আমাদের স্টেটের ভবিষ্যতের ব্যাপারে চিন্তা করবো, যখন আমাদেরকে আমাদের লক্ষ্য অর্থনৈতিক সমৃদ্ধির সাথে আমাদের সন্তানদের মঙ্গলের কথাও ভাবতে হবে। এখন যখন নিউ ইয়র্কবাসীর ভবিষ্যৎ প্রজন্ম আজকের দিকে তাকিয়ে দেখবে, তারা জানবে যে তাদের কথা মাথায় রেখেই অগ্রগতি পরিকল্পনা করা হচ্ছে। আমি আজকে এটি ঘোষণা করতে পেরে গর্বিত যে নিউ ইয়র্ক স্টেট মার্কিন যুক্তরাষ্ট্রের সৌর বিদ্যুতের রাজধানী।"

লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন আজকে স্কেনেকটেডি কাউন্টিতে একটি 7.5 মেগাওয়াট কমিউনিটি সোলার প্রকল্পে এই ঘোষণা দেন, যা প্রাক্তন ল্যান্ডফিলের সাইটে 10 মেগাওয়াট ঘণ্টার শক্তি জমা রাখার সাথে সংযুক্ত। গ্লেনভিল টাউনে অবস্থিত এই প্রকল্পটির নির্মাণ করেছে DSD রিনিউয়েবলস (DSD Renewables), যারা এই প্রকল্পটির মালিক এবং পরিচালকও। সাইটটি একটি সাত প্রকল্পের, 25 মেগাওয়াট প্রকল্পের অংশ যা সম্ভব হচ্ছে স্কেনেকটেডি কাউন্টি সোলার এনার্জি কনসোর্টিয়ামের (Schenectady County Solar Energy Consortium) সমন্বয়ে, যারা স্কেনেকটেডির মিউনিসিপ্যালিটি এবং শহরসমূহের জন্য বার্ষিক 400,000 মার্কিন ডলার শক্তি সঞ্চয় প্রদান করে এবং প্রতিটি মিউনিসিপ্যালিটিকে শতভাগ নবায়নযোগ্য শক্তি দ্বারা বিদ্যুতায়িত হতে দেয়। 2019 সালে কাউন্টি দ্বারা গঠিত কনসোর্টিয়ামটিতে রয়েছে স্কেনেকটেডি কাউন্টি, স্কেনেকটেডি সিটি, ডুয়ানেসবার্গ টাউন, গ্লেনভিল টাউন, নিস্কায়ুনা টাউন, প্রিন্সটাউন টাউন, রটারডাম টাউন, এবং স্কটিয়া গ্রাম।

কমিউনিটি সোলার বাড়ির মালিক, ভাড়াটিয়া, এবং ব্যবসার মালিক যাদের অনসাইটে সরাসরি সৌর প্যানেল ইনস্টল করার আদর্শ অবস্থা নেই তাদের জন্য সৌর উপলভ্যতার ব্যবস্থা করে। এই ব্যবস্থার মাধ্যমে, পরিচ্ছন্ন শক্তি গ্রাহকের নিয়মিত বিদ্যুৎ সরবরাহকারীর দ্বারাই প্রদত্ত হচ্ছে, এবং সোলার অ্যারে দ্বারা উৎপন্ন বিদ্যুৎ সরাসরি বিদ্যুৎ গ্রিডে চলে যাচ্ছে। যখন বিদ্যুৎ গ্রিডে পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তি পৌঁছে, তখন সাবস্ক্রাইবাররা তাদের বিদ্যুৎ বিলে সৌর ব্যবস্থার আউটপুটে তাদের অংশের একটি ক্রেডিট পাবে।

কমিউনিটি সোলার 2021 সালে পুরো স্টেটের মোট সোলার ইনস্টলের 70 শতাংশ গঠন করে। পাশাপাশি, নিউ ইয়র্কের বিতরণকৃত সোলার পাইপলাইন এখন মোট 2,300 মেগাওয়াটের 708টির বেশি এমন প্রকল্প নিয়ে গঠিত, যা সম্পূর্ণ হয়ে গেলে সকল নিউ ইয়র্কবাসীর জন্য পরিচ্ছন্ন শক্তির উপলভ্যতা সম্প্রসারণ করবে, যার মধ্যে থাকবে নিম্ন থেকে মধ্যম আয়ের (low-to-moderate income, LMI) গৃহস্থালি এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের (disadvantaged communities, DACs) বাসিন্দারা। পাইপলাইনটির সম্পূরক হলো পুরো স্টেটের 73টি নিউ ইয়র্ক স্টেট সমর্থিত নির্মাণাধীন ইউটিলিটি-স্কেল সৌর প্রকল্প, প্রকল্পগুলির কাজ শেষ হলে এগুলি একত্রে 2.2 মিলিয়ন বাড়ির জন্য পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ করবে। কমিউনিটি সোলার স্থাপনে স্টেটের সাফল্য সোলার এনার্জি ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (Solar Energy Industry Association, SEIA) এবং উড ম্যাকেঞ্জি সোলার মার্কেট ইনসাইট (Wood Mackenzie Solar Market Insight)

2021 বার্ষিক পর্যালোচনা (Year in Review) প্রতিবেদনে নিশ্চিত করা হয়েছে, যেখানে নিউ ইয়র্ককে দ্বিতীয় স্থানে থাকা মিনেসোটাকে পেছনে ফেলে দেশের সর্বকালের জাতীয় নেতা হিসেবে স্থান দেওয়ার পাশাপাশি এম্পায়ার স্টেটকে 2021 সালে ইনস্টলেশনের জন্য প্রথম ঘোষণা করা হয়েছে, যা ছিল দ্বিতীয় স্থানে থাকা ম্যাসাচুসেটসের দ্বিগুণের বেশি।

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এবং ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্ক আরেকবার পুরো দেশের স্টেটগুলির জন্য উদাহরণ স্থাপন করছে যে কীভাবে কমিউনিটি সোলারে বিনিয়োগ করে হাজার হাজার পরিবারের ঘরে পরিচ্ছন্ন শক্তি নিয়ে আসা যায় এবং একইসাথে স্টেটকে আমাদের জলবায়ু লক্ষ্য অর্জনের আরো কাছে নিয়ে যাওয়া যায়। এখনো একটি ব্যাপক পাইপলাইন গঠন বাকি আছে, তাই আমরা নিউ ইয়র্কবাসীর জন্য তাদের বিদ্যুৎ খরচ কম করতে এবং আমাদের জলবায়ু পরিবর্তন সমাধানের একটি অংশ হতে এমন নবায়নযোগ্য প্রকল্পে নাম লেখানোর পথ করে দিচ্ছি।"

DSD রিনিউয়েবলসের প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক শিম্যান বলেন, "আমরা সত্যিই স্কেনেকটেডি প্রোফাইলটি নিয়ে এবং এখানে আমরা যেই উদ্ভাবন আনতে পেরেছি তা নিয়ে গর্বিত, এবং এটি যে আমাদের সদর দপ্তরের পেছনেই অবস্থিত সেটিও একটি বড় ব্যাপার। তবে, এটি NYSERDA-র মতো অংশীদার এবং আমাদের প্রতিবেশী ও আমাদের বসবাসের সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের সাথে পুরো নিউ ইয়র্ক স্টেটে কাজ করছে, যা DSD-কে স্টেটের জলবায়ু আইন উদ্যোগকে ত্বরান্বিত করতে আমাদের কাজটি করার জন্য অনুপ্রাণিত করে যাচ্ছে।"

এই মাইলফলক অর্জনটি NYSERDA-র NY-Sun কর্মসূচির পূর্বে করা কাজ দ্বারা ব্যাপক সমর্থন পেয়েছে, কর্মসূচিটি সোলার স্কেল-আপ অগ্রসর করার পাশাপাশি মূল্য কমানো এবং সৌরশক্তিকে বাড়ি, ব্যবসা ও সম্প্রদায়সমূহের জন্য আরো উপলভ্য করতে স্টেটের সিগনেচার 1.8 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের উদ্যোগ। বর্তমানে, ইনস্টল করা বিতরণকৃত সৌর প্রকল্পসমূহ নির্মাণাধীন প্রকল্পসমূহের সাথে মিলিত হয়ে স্টেটের 2025 সালের মধ্যে ছয় গিগাওয়াট বিতরণকৃত সোলারের বর্তমান জলবায়ু আইন লক্ষ্যের 95 শতাংশ পূরণ করেছে।

2011 সাল থেকে, NY-Sun যা যা করতে সাহায্য করেছে:

- নিউ ইয়র্কের প্রতিটি কাউন্টি মিলিয়ে 165,000 বাড়ি বা ব্যবসার ছাদে সোলার ইনস্টল করা সমর্থন করেছে;
- 1.3 বিলিয়ন প্রণোদনা প্রদান করে 6.1 বিলিয়ন বেসরকারি বিনিয়োগ এনেছে;
- স্টেটে 2,500 শতাংশ সৌর বিকাশ চালনা করেছে;
- 627,000-র বেশি নিউ ইয়র্ক বাড়িতে সরবরাহের জন্য পর্যাপ্ত পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তির ব্যবস্থা করেছে;
- সৌর শিল্পে 12,000 কর্মসংস্থানের ব্যবস্থা করেছে;
- 10 বছরে সোলারের মূল্য 70 শতাংশ হ্রাস করেছে; এবং
- নিশ্চিত করেছে যে 200 মিলিয়ন মার্কিন ডলারের বেশি যাতে সোলার এনার্জি ইক্যুইটি ফ্রেমওয়ার্কের (Solar Energy Equity Framework) অংশ হিসেবে নিম্ন

থেকে মধ্যম আয়ের গৃহস্থালি, সাশ্রয়ী আবাসন, এবং সুবিধাবঞ্চিত এবং পরিবেশগতভাবে ন্যায্য সম্প্রদায়ে প্রদত্ত হয়।

গত হেমন্তে, গভর্নর হোকল 2030 সালের মধ্যে নিউ ইয়র্কের সোলার লক্ষ্য দশ গিগাওয়াটে বৃদ্ধি করার আহ্বান করেছেন। এই লক্ষ্য অর্জনের জন্য, NYSERDA এবং পাবলিক সার্ভিস ডিপার্টমেন্ট (Department of Public Service) পাবলিক সার্ভিস কমিশনের (Public Service Commission) সাথে একটি রোডম্যাপ দায়ের করেছে, স্টেটের সফল NY-Sun উদ্যোগকে দেশে এ ধরনের সর্ববৃহৎ এবং সবথেকে অন্তর্ভুক্ত সৌর কর্মসূচিতে সম্প্রসারণ করার জন্য, যার মধ্যে থাকবে অতিরিক্ত 2,270 মেগাওয়াট কমিউনিটি সোলার প্রকল্পের জন্য প্রণোদনা অব্যাহত রাখা, যা অতিরিক্ত প্রায় 400,000 বাড়ির জন্য পর্যাপ্ত বিদ্যুৎ। এছাড়াও রোডম্যাপে ডাউনস্টেট অঞ্চলে অবস্থিত প্রকল্পসমূহের জন্য উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য এবং কমিউনিটি সোলার প্রকল্প সেবা DAC ও LMI সাবস্ক্রাইবারদের জন্য নিবেদিত প্রণোদনা অন্তর্ভুক্ত রয়েছে, যা জলবায়ু আইনের এই আহ্বানের সাথে সঙ্গতিপূর্ণ যে পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগের 40 শতাংশ লক্ষ্য নিয়ে, কম পক্ষে 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে লাভবান করে। এছাড়াও রোডম্যাপটি NY-SUN কর্মসূচির মধ্যকার এক মেগাওয়াটের থেকে বেশি সৌর প্রকল্পের জন্য বিদ্যমান বেতনের আবশ্যিকতার প্রস্তাবনা দেয় যাতে উচ্চ মানের সৌর চাকরির বিকাশের প্রচার করা যায়।

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "কমিউনিটি সোলার আমাদের শক্তি লক্ষ্য অর্জনে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বর্তমানে, সৌরে রূপান্তর করতে চাওয়া অনেক বাসিন্দারা তা করতে পারছে না কারণ তারা প্যানেল তাদের ক্রয়ক্ষমতার বাইরে, তারা ভাড়া নেওয়া বাড়িতে থাকে বা তাদের ছাদে সোলার বসানোই যাবে না। কমিউনিটি সোলার এইসব প্রতিবন্ধকতা দূর করার জন্য সব আমূলে বদলে দেয়, এটি নিউ ইয়র্কবাসীকে পরিচ্ছন্ন শক্তি রূপান্তরের একটি অংশ হয়ে উঠতে দেয়। আমি গর্বিত নিঃসরণ হ্রাস করবে এবং গ্রাহকদের জন্য শক্তির মূল্য কমাবে এমন মুখ্য বিনিয়োগ আনতে কংগ্রেসে কাজ করা অব্যাহত রাখতে পেরে, এবং আমি গভর্নর হোকল, স্কেনেকটেডি কাউন্টি সোলার এনার্জি কনসোর্টিয়াম, NYSERDA, এবং অন্য যাদের প্রচেষ্টায় নিউ ইয়র্ক একটি পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতের দিকে বৈশ্বিক অগ্রগতির সময় জাতীয় নেতা হয়ে উঠেছে, তাদেরকে ধন্যবাদ জানাই।"

স্টেট সিনেটর কেভিন পার্কার বলেন, "এনার্জি এবং টেলিকমিউনিকেশন কমিটির প্রধান হিসেবে, আমি আমাদের স্টেটকে এই মাইলফলক অর্জনে সাহায্য করার জন্য NYSERDA এবং NY-SUN এর প্রশংসা করছি। আমি জানি এই হারে আমরা 2030 সালের মধ্যে দশ গিগাওয়াট অর্জনের গভর্নরের লক্ষ্যে পৌঁছাতে পারবো।"

অ্যাসেম্বলি সদস্য মাইক কিউসিক বলেন, "আজকে আমরা আমাদের শক্তি গ্রিড রূপান্তরের স্টেটব্যাপী প্রচেষ্টার একটি উল্লেখযোগ্য মাইলফলক উদযাপন করছি। এক গিগাওয়াট ইনস্টল করা কমিউনিটি সোলার একটি দুর্দান্ত অর্জন এবং আমাদের নবায়নযোগ্য শক্তি লক্ষ্য অর্জনের প্রতি আমাদের প্রতিশ্রুতির প্রমাণ। যদিও আজকের মুহূর্তটি আনন্দঘন, এটি একটি সূচনামাত্র। আমাদেরকে দীর্ঘ পথ পারি দিতে হবে এবং আমরা নিউ ইয়র্ক স্টেটে ভবিষ্যতের শক্তি গ্রিড নির্মাণে আমাদের প্রতিশ্রুতি অগ্রসর করতে চেষ্টা অব্যাহতি রাখবো।"

জাতীয় গ্রিড নিউ ইয়র্কের (National Grid NY) প্রেসিডেন্ট রুডলফ উইন্টার বলেন, "আমরা আজকে গ্লেনভিলে লেফটেন্যান্ট গভর্নর বেঞ্জামিন ও NYSERDA-র সাথে যোগ দিতে পেরে আনন্দিত। জাতীয় গ্রিড পুরো স্টেটে কমিউনিটি সোলার ইনস্টল করার ক্ষেত্রে নেতৃত্ব দিতে পেরে আনন্দিত, এবং আমরা সকলের জন্য সোলার (Solar-For-All) কর্মসূচি তৈরিতে NYSERDA-র সাথে কাজ করেছি যাতে নিম্ন ও মধ্যম আয়ের জাতীয় গ্রিড গ্রাহকদের সৌর আন্তঃসংযোগের সুবিধা পাওয়া নিশ্চিত করা যায়। আমরা ক্রমাগত সৌর সংযোগ দ্রুততর, আরো সুলভ, এবং আরো গ্রাহককেন্দ্রিক করার জন্য নতুন নতুন পন্থা উদ্ভাবন করছি। আমি গভর্নর, NYSERDA এবং আমাদের অন্যান্য অংশীদারদের সাথে কাজ করে আমাদের সম্প্রদায়সমূহকে উন্নত করতে এবং আমাদের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতকে বাস্তবে পরিণত করতে উন্মুখ।"

সোলার এনার্জি ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনের স্টেট পলিসি ইস্টের সিনিয়র পরিচালক ডেভিড গাল বলেন, "কমিউনিটি সোলারের শীর্ষ স্টেট হওয়া একটি বড় অর্জন যা পরিচ্ছন্ন শক্তির প্রতি এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য ব্যয়-সাশ্রয়ী সৌর সুবিধা নিশ্চিত করতে স্টেটের নেতাদের প্রতিশ্রুতি প্রদর্শন করে।এধরনের নেতৃত্ব স্টেটে হাজার হাজার কর্মসংস্থান ও বিলিয়ন বিলিয়ন ডলার বিনিয়োগ নিয়ে আসে, এবং SEIA গভর্নর হোকল, নিউ ইয়র্ক পাবলিক সার্ভিস কমিশন, এবং NYSERDA-র সাথে নিউ ইয়র্কে আরো ন্যায্য পরিচ্ছন্ন শক্তির উপলভ্যতা সম্প্রসারণ করতে এর কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

কোয়ালিশন ফর কমিউনিটি সোলার অ্যাক্সেসের (Coalition for Community Solar Access) উত্তরপূর্ব পরিচালক কেটলিন কেলি ও'নীল বলেন, "কমিউনিটি সোলারের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি একে একটি জাতীয় নেতা বানিয়েছে, এবং হাজার হাজার নিউ ইয়র্কবাসীরা পরিচ্ছন্ন শক্তির লাভ পাওয়ার সুযোগ পেয়েছে। কমিউনিটি সোলারের সুবিধা সম্প্রসারণ করতে হোকল প্রশাসনের প্রতিশ্রুতি CLCPA-তে নির্ধারিত জলবায়ু লক্ষ্য অর্জনে সত্যিকারের অগ্রগতি করবে।"

নিউ ইয়র্ক কনজার্ভেটিভ ভোটার লিগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "নিউ ইয়র্ক এবং সৌর শিল্পকে কমিউনিটি সোলারের শীর্ষে থাকার জন্য অভিনন্দন। কমিউনিটি সোলার জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করতে এবং আমাদের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্য পূরণ করতে নবায়নযোগ্য শক্তির বিকাশ ত্বরান্বিত করতে সাহায্য করছে। যদি নিউ ইয়র্ককে এইসব পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জন করতে হয়, তাহলে আমাদেরকে সৌরকে অগ্রাধিকার দিতে হবে এবং পরিবারগুলিকে সবুজ শক্তি ব্যবহার করার একটি সুযোগ প্রদান করতে হবে এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে এইসব বিনিয়োগকে অগ্রাধিকার দিতে হবে। যেহেতু 2021 সালে নিউ ইয়র্ক মোট কমিউনিটি সোলার ইনস্টল এবং সামগ্রিক ইনস্টলের ক্ষেত্রে দেশের শীর্ষে রয়েছে, তাই আমরা আমাদের বিদ্যুৎ সরবরাহকে সুপারচার্জ করছি, যা আমাদেরকে নবায়নযোগ্য সৌর শক্তির ক্ষেত্রে আরো বড় হওয়ার সঠিক পথে রয়েছি।"

নিউ ইয়র্ক সোলার এনার্জি ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনের (New York Solar Energy Industries, NYSEIA) নির্বাহী পরিচালক জ্যাক ডুফ্রেসনে বলেন, "NYSEIA নিউ ইয়র্ক স্টেটকে গত বছরের কমিউনিটি সোলারের জাতীয় নেতা হয়ে উঠার জন্য অভিনন্দন জানাচ্ছে,

এবং সৌর শিল্প এই অর্জনকে সমর্থন করতে পেরে গর্বিত। এটি দুর্দান্ত যে নিউ ইয়র্কের কমিউনিটি সোলার বাজারের বিবর্তন হচ্ছে, যা নিউ ইয়র্কের যে গ্রাহকেরা পরিচ্ছন্ন শক্তি রূপান্তরে অংশগ্রহণ করতে চায় তাদের জন্য এটি আরো বেশি উপলভ্য করছে। NYSEIA এবং এর সদস্য কোম্পানিসমূহ স্টেটের কর্মকর্তা, ইউটিলিটিসমূহ, এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে কাজ করতে উন্মুখ, যাতে কমিউনিটি সোলার বাজারের বিকাশ নিশ্চিত হওয়ার পাশাপাশি কমিউনিটি সোলারের প্রতিশ্রুতিও পূরণ হয়, যার মধ্যে রয়েছে নিম্ন আয়ের গ্রাহক এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য বর্ধিত উপলভ্যতা। যেহেতু ব্যাপক ব্যাপ্তির কমিউনিটি সোলার প্রকল্পের কাজ চলছে, তাই নিউ ইয়র্কের জন্য এই মুখ্য বাজারের অংশের চাহিদা নিয়ে কাজ করা এখন অন্য যেকোনো সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ।"

ভোট সোলারের (Vote Solar) সিনিয়র আঞ্চলিক পরিচালক স্টিফেন রাউন্ডট্রি বলেন, "কমিউনিটি সোলার নিউ ইয়র্কের সবুজ অর্থনীতির একটি মুখ্য স্তম্ভ, এবং এটি সকল নিউ ইয়র্কবাসী যাতে পরিচ্ছন্ন শক্তি রূপান্তরে অংশগ্রহণ করতে পারে তা নিশ্চিত করার একটি অতি গুরুত্বপূর্ণ হাতিয়ার। আমরা গভর্নর হোকল, NY-SUN দল, এবং আমাদের শিল্পের অংশীদারদের প্রশংসা করছি নিউ ইয়র্ক স্টেটকে কমিউনিটি সোলার বিকাশের জাতীয় নেতা বানানোর জন্য, আমরা 2030 সালের মধ্যে আমাদের 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি অর্জনের পথে রয়েছি। ভোট সোলার একটি দশ গিগাওয়াট বিতরণকৃত সৌর লক্ষ্য অর্জনে স্টেটের প্রচেষ্টাকে সমর্থন করতে পেরে, এবং সৌর অর্থনীতিতে ঐতিহাসিকভাবে বঞ্চিতদের জন্য কর্মসূচির সুবিধা সম্প্রসারিত করতে পেরে আনন্দিত।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102টি বিশাল মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে৷ সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে৷ জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত

সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418